রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ২৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ পৌষ ১৪৩২/১৩ জানুয়ারি ২০২৬

নং **০৩.২২.০০০০.০৭৬.৪৬.০০৫.২০২৩(অংশ-১)-০৪**—Bangladesh Climate Development Partnership (BCDP) এর আদর্শ কাঠামো নির্ধারণ এবং এর মাধ্যমে জলবায়ু অর্থায়নের সম্ভাব্য কৌশল ও পদ্ধতি নির্ধারণের নিমিত্ত Bangladesh Climate Development Partnership (BCDP) বোর্ডকে সহায়তার জন্য নিম্নরূপভাবে ৪টি ওয়ার্কিং গ্রুপ পুনর্গঠন করা হলো :

১। **Climate Finance (Domestic) Working Group (WG-1):**

| | | |
|---|---|---|
| ০১ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সভাপতি |
| ০২ | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৩ | প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৪ | প্রতিনিধি, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৫ | প্রতিনিধি, প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৬ | প্রতিনিধি, সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |


**মূল্য ঃ** টাকা ৮·০০

| | | |
|---|---|---|
| ০৭ | বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান এর বিশেষজ্ঞ প্রতিনিধি (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ০৮ | প্রতিনিধি, এনজিও/সিএসও (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ০৯ | মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| ১০ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সামষ্টিক অর্থনীতি), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় অর্থের দেশীয় (সরকারি ও বেসরকারি) উৎস অনুসন্ধানে পরামর্শ প্রদান;

(খ) প্রকল্প/কার্যক্রম নির্ধারণ ও বাস্তবায়ন;

(গ) গবেষণা সংক্রান্ত বিষয়াদি সুপারিশ;

(ঘ) পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ঙ) আন্তর্জাতিক বাজার অর্থায়ন (Market Financing) (বন্ড) শনাক্তকরণ;

(চ) জলবায়ু অর্থায়নের (অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক) ট্র্যাকিং এর ব্যবস্থা চালুকরণ।

কমিটি প্রতি বছরে অন্তত ০৩ (তিন) বার সভা আয়োজন করবে। তবে সভাপতি প্রয়োজনবোধে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন। কমিটি প্রয়োজনবোধে BCDP বোর্ড-এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

২। **Climate Finance (External) Working Group (WG-2):**

| | | |
|---|---|---|
| ০১ | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সভাপতি |
| ০২ | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৩ | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৪ | প্রতিনিধি, প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৫ | প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৬ | মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| ০৭ | প্রতিনিধি, সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের (০১) জন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |

| | | |
|---|---|---|
| ০৮ | প্রতিনিধি, এনজিও/সিএসও (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ০৯ | বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান এর বিশেষজ্ঞ প্রতিনিধি (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১০ | প্রধান, আন্তর্জাতিক জলবায়ু অর্থায়ন সেল/অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় অর্থের বৈদেশিক (উন্নয়ন সহযোগী ও বেসরকারি) উৎস অনুসন্ধানে পরামর্শ প্রদান;

(খ) প্রকল্প/কার্যক্রম নির্ধারণ ও বাস্তবায়ন;

(গ) গবেষণা সংক্রান্ত বিষয়াদি সুপারিশ;

(ঘ) পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ঙ) বাংলাদেশের গুরুত্বপূর্ণ নীতি ও পরিকল্পনাসমূহ, যেমন NAP, NDC, NBSAP, BCPP এবং Bangladesh Delta Plan 2100 এর সঙ্গে সমন্বয় করে অর্থের সংস্থান করা;

(চ) জলবায়ু অর্থায়নের ঘাটতি পূরণে উদ্ভাবনীমূলক জলবায়ু অর্থায়ন ব্যবস্থাসমূহকে (Innovative Climate Finance Mechanisms) উৎসাহ প্রদান;

(ছ) সমজাতীয়, অন্তর্ভুক্তিমূলক এবং অভিযোজিত জলবায়ু অর্থায়ন বাজেট, পরিকল্পনা, হিসাবরক্ষণ এবং প্রতিবেদন প্রক্রিয়ার উন্নয়নে সহায়তা;

(জ) সবুজ অর্থনীতি ও সবুজ রূপান্তরকে ত্বরান্বিত করতে সম্পদ সংগ্রহ এবং প্রযুক্তিগত হস্তান্তরের পথ সুগমকরণ;

(ঝ) ঋণের ভারসাম্য (Debt Sustainability) বজায় রেখে আন্তর্জাতিক তহবিল সংগ্রহে নতুন পদ্ধতি ও প্রযুক্তি স্থানান্তর সহজতরকরণ;

(ঞ) বৈদেশিক জলবায়ু তহবিলের ক্ষেত্রে জাতীয় অগ্রাধিকারসমূহের সঙ্গে সমন্বয়করণ;

(ট) জলবায়ু তহবিলের জন্য আন্তর্জাতিক পর্যায়ে অংশীদারিত্ব শক্তিশালীকরণ;

(ঠ) বৈদেশিক জলবায়ু তহবিল ব্যবস্থায় অন্তর্ভুক্তির লক্ষ্যে এডভোকেসি;

(ড) বৈদেশিক জলবায়ু তহবিল ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধিকরণ;

(ঢ) উদ্ভাবনীমূলক বৈদেশিক জলবায়ু তহবিল সংক্রান্ত পন্থাসমূহকে উৎসাহ প্রদান;

(ণ) জলবায়ু অর্থায়ন নীতিমালা এবং কাঠামোর উন্নয়নে সহায়তা প্রদান;

(ত) অভ্যন্তরীণ ও বৈদেশিক উভয় ধরনের জলবায়ু অর্থায়নের ক্ষেত্রে একটি শক্তিশালী ট্র্যাকিং ব্যবস্থা চালুকরণ;

(থ) ট্র্যাকিং ব্যবস্থার উন্নয়নে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ এর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করা।

কমিটি প্রতি বছরে অন্তত ০৩ (তিন) বার সভা আয়োজন করবে। তবে সভাপতি প্রয়োজনবোধে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন। কমিটি প্রয়োজনবোধে BCDP বোর্ড-এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩। **Policy, Knowledge and Capacity Building Working Group (WG-3):**

| | | |
|---|---|---|
| ০১ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | - সভাপতি |
| ০২ | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৩ | প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৪ | প্রতিনিধি, প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৫ | প্রতিনিধি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৬ | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৭ | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৮ | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৯ | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ১০ | প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ১১ | প্রতিনিধি, সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১২ | প্রতিনিধি, এনজিও/সিএসও (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |

| | | |
|---|---|---|
| ১৩ | বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান এর বিশেষজ্ঞ প্রতিনিধি (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৪ | মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| ১৫ | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - সদস্য |
| ১৬ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | - সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় দক্ষ জনবল তৈরির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;

(খ) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় গৃহীত প্রকল্পের ডাটাবেজ প্রণয়ন;

(গ) গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াদি সুপারিশ;

(ঘ) জলবায়ু পরিবর্তন বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম ও বাস্তবায়ন;

(ঙ) জলবায়ু নীতি সমন্বয়ের কাজ জোরদারকরণ;

(চ) জ্ঞান, অভিজ্ঞতা বিনিময় ও অংশীদারিত্ব সৃষ্টিতে সহায়তা প্রদান;

(ছ) জলবায়ু পরিবর্তন সংক্রান্ত শিক্ষা কার্যক্রম উন্নয়নে সহায়তা;

(জ) দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রমের কার্যকারিতা সম্পর্কে তদারকি ও মূল্যায়ন।

কমিটি প্রতি বছরে অন্তত ০৩ (তিন) বার সভা আয়োজন করবে। তবে সভাপতি প্রয়োজনবোধে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন। কমিটি প্রয়োজনবোধে BCDP বোর্ড-এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৪। **Project Development Support, Monitoring and Evaluation Working Group (WG-4):**

| | | |
|---|---|---|
| ০১ | সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণায় | - সভাপতি |
| ০২ | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৩ | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৪ | প্রতিনিধি, প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |

| | | |
|---|---|---|
| ০৫ | প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৬ | প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) | - সদস্য |
| ০৭ | প্রতিনিধি, সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ০৮ | মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| ০৯ | প্রতিনিধি, এনজিও/সিএসও (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১০ | বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান এর বিশেষজ্ঞ প্রতিনিধি (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১১ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য গাইডলাইন প্রণয়ন;

(খ) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় প্রকল্প চিহ্নিত করে তা গ্রহণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান;

(গ) ইতোমধ্যে সমাপ্ত জলবায়ু পরিবর্তন সম্পর্কিত প্রকল্পের দ্বৈততা পরিহার এবং প্রকল্পের মূল্যায়নে সহায়তা প্রদান;

(ঘ) পরিবীক্ষণ ও মূল্যায়ন।

কমিটি প্রতি বছরে অন্তত ০৩ (তিন) বার সভা আয়োজন করবে। তবে সভাপতি প্রয়োজনবোধে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন। কমিটি প্রয়োজনবোধে BCDP বোর্ড-এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

২। কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হবে না বা তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাবে না।

৩। সরকার, যে কোনো সময়, কমিটি সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

৪। এ সংক্রান্ত ইতঃপূর্বে ২৯ মে ২০২৪ তারিখে ০৩.২২.০০০০.০৭৬.৪৬.০০৫.২০২৩ (অংশ-১)-৮৯ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার**
পরিচালক-৯।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd